দৈনিক বাংলা

তারিখ 14 APR 1987
পৃষ্ঠা ... ১ কলাম ২ ...

৭

# হাজী দানেশের নামে দিনাজপুরে কৃষি কলেজ হবে

দিনাজপুর, ১৩ই এপ্রিল (বাসস)। — প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ ঘোষণা করেন যে প্রখ্যাত কৃষক নেতা মরহুম হাজী মোহাম্মদ দানেশের নামানুসারে দিনাজপুরে একটি কৃষি কলেজ স্থাপন করা হবে।

আজ এখানে জাতীয় কৃষক পার্টির রাজশাহী বিভাগীয় কৃষক

( ৫-এর পৃঃ দ্রঃ )

## কলেজ হবে

(প্রথম পৃঃ পর)

সম্মেলনে ভাষণদানকালে প্রেসিডেন্ট দেশের কৃষকদের অবস্থা উন্নয়নে মরহুম হাজী মোহাম্মদ দানেশের অবদানের উল্লেখ করেন।

তিনি বলেন, দেশের বিশিষ্ট সন্তান হাজী মোহাম্মদ দানেশ কৃষকদের অধিকার প্রতিষ্ঠার জন্য সারা জীবন সংগ্রাম করে গেছেন। এ প্রসঙ্গে তিনি কৃষকদের কল্যাণে হাজী দানেশের নেতৃত্বে তেভাগা আন্দোলনের উল্লেখ করেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন যে কৃষকদের ন্যায়সঙ্গত স্থানে প্রতিষ্ঠিত করতে হাজী দানেশের আন্তরিক অবদান ও ত্যাগ চিরস্মরণীয় করে রাখতে সরকার তাঁর মাজারে একটি স্মৃতিসৌধ নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন। এটা ভবিষ্যৎ বংশধরদের লোকান্তরিত নেতার আন্তরিকতা, সংগ্রাম ও ত্যাগ স্মরণ করিয়ে দেবে।

প্রেসিডেন্ট এখানে আগমনের পর পরই সরাসরি হাজী মোহাম্মদ দানেশের মাজারে যান এবং স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

প্রেসিডেন্ট মাজারে ফাতেহা পাঠ ও পুষ্পমালা অর্পণ করেন।

উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন ও কাজী জাফর আহমদ, মন্ত্রী ও জাতীয় পার্টির মহাসচিব মাহমুদুল হাসান, কৃষিমন্ত্রী মীর্জা রুহুল আমিন, পূর্তমন্ত্রী শফিকুল গনি, শিল্প প্রতিমন্ত্রী মেসবাহউদ্দীন আহমদ ও খাদ্য প্রতিমন্ত্রী সর্দার আমজাদ হোসেন ও কৃষক পার্টির নেতৃবৃন্দ এ সময় সেখানে উপস্থিত ছিলেন।